

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ২৫, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১০ই মার্চ, ১৩৯৯/২৩শে জানুয়ারী, ১৯৯৩

এস, আর, ও, নং ১৪-আইন/৯৩-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা টেলিগ্রাফ অপারেটর (বাণিজ্য মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;
- (খ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার এবং সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;
- (গ) “প্রয়োজনীয় যোগ্যতা” কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক পাস এবং ইংরেজী টাইপে প্রতি মিনিটে কমপক্ষে আটশ শব্দ টাইপ করার যোগ্যতা;
- (ঘ) “শিক্ষানবিশ” অর্থ টেলিগ্রাফ অপারেটর পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ঙ) “স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বোর্ড ও উহার অন্তর্ভুক্ত হইবে।

(৫৬৩)

মূল্য: টাকা ২.০০



৩। নিয়োগ পদ্ধতি।—(১) সরাসরি নিয়োগের মাধ্যমে টেলেক্স অপারেটর পদে নিয়োগদান করা হইবে।

(২) প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং বয়স ৩০ বছরের বেশী হইলে কোন ব্যক্তিকে টেলেক্স অপারেটর পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে, এড-হক ভিত্তিতে কার্যরত ব্যক্তির অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

(৩) টেলেক্স অপারেটর নিয়োগে টেলেক্স যন্ত্র পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের আওতা বহির্ভূত ঘোষণা করা না হইলে, কমিশনের সুপারিশ ব্যতিরেকে টেলেক্স পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে টেলেক্স অপারেটর পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) টেলেক্স অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক, স্থায়ী বাসিন্দা অথবা ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতবন্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) টেলেক্স অপারেটর পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে টেলেক্স অপারেটরের পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক এবং মানসিক বৈকল্যে ভুগিতেছেন না, বাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ স্বধাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে টেলেক্স অপারেটর পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা ক্ষেত্রমত নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ (যদি থাকে) শর্তাদি পূরণ না করিয়া দরখাস্ত দাখিল করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। শিক্ষানবিশ।—(১) টেলেক্স অপারেটরের কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে দুই বৎসরের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশ মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশ মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে টেলেক্স অপারেটর পদে স্থায়ী করা হইবে না যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য নির্ধারিত পরীক্ষা বা প্রশিক্ষণ, যদি থাকে, পাস না করেন বা, ক্ষেত্রমত, গ্রহণ না করেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নায়েম আহমেদ চৌধুরী

সচিব।